

# ‘মুড়ির সাথে লেবুর পাতা খেয়ে আন্দোলন করেছি’

বাকুবি প্রতিনিধি

২৪ ফেব্রুয়ারি,  
২০২৫ ২০:০৭

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমান বলেছেন, ‘ছাত্রদল এক দিনেই সংগঠিত হয়নি। বাকুবি ছাত্রদলকে সংগঠিত করার জন্য তিন বেলা পরিবর্তে এক বেলা খেয়েছি, মুড়ির সাথে লেবুর

পাতা দিয়ে খেয়ে মিছিল করেছি, আন্দোলন করেছি। ছাত্রদলকে সুসংগঠিত করে আজকের এই অবস্থানে নিয়ে এসেছি। মেধাবী ও মননশীলদের সংগঠন ছাত্রদল।

এই সংগঠন সর্বদা ক্যাম্পাসমুখী রাজনীতিতে বিশ্বাসী। যারা রাজপথে থাকতে চায়, আন্দোলন করতে চায় তাদের জন্যই ছাত্রদল।’

বাকুবী শাখা ছাত্রদলকে সংস্কারের উদ্দেশ্যে সোমবার (২৪ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন চত্বরে এক কর্মসূচিতে তিনি এ কথা বলেন।

ছাত্রদলের আহ্বায়ক মো. আতিকুর রহমানের সভাপতিত্বে এবং সদস্যসচিব মো. শফিকুল ইসলাম শফিকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শ্যামল মালুম।

আতিকুর রহমান বলেন, ‘বাকৃবি ছাত্রদল সংগঠিত হওয়ার জন্য যেভাবে রাজপথে থেকে আন্দোলন করেছি, ঠিক সেভাবেই শিক্ষার্থীদের অধিকার রক্ষার জন্য আন্দোলন করে যাব। গণমানুষের অধিকার রক্ষার জন্য সব ধরনের রক্তচক্ষু উপেক্ষা করে আন্দোলন করে এসেছি।’